




ISO 9001:2015 Certified

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ NAOGAON PALLI BIDYUT SAMITY-2



সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়
পল্লীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190
E-mail : naogaonpbs2@gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০৩৮.২২. ৫২৬৬

তারিখঃ ৩০ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
১৫ নভেম্বর, ২০২২ খ্রি:।

বিষয়ঃ “এস.পিসি.পোল পরিবহনের (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি”

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নের ছকে বর্ণিত বিবরণ অনুযায়ী এসপিসি পোল পরিবহনের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	বিবরণ ১	আইটেম নং ২	বরাদ্দপত্র নং ৩	পরিমাণ (টি) ৪	ওজন (টন) ৫	মোট ওজন (টন) ৬	দূরত্ব ৭	একক দর ৮	মোট দর $\Sigma=(৬ \times ৭ \times ৮)$
১	নাটোর পবিস-১ হতে নওগাঁ পবিস-২, পল্লীতলা, নওগাঁ।	R-43/44	২২০২৭১	১০০	০.৯২	৭২	১৭০		
		R-41/42	২২০২৭২	২৫	০.৫৩	১৩.২৫	১৭০		
		R-47		১২	১.৩৮	১৬.৫৬	১৭০		
মোট =									


শর্তাবলী:

- ০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ২০/১১/২০২২ খ্রিঃ তারিখ ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনেই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। খামের উপরে ‘পোল পরিবহন দরপত্র’ কথাটি উল্লেখ করতে হবে।
- ০৩। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স (আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র ও ব্যাংক সলভেন্সী যদি থাকে) অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৪। নিজস্ব লেটার হেড প্যাডে দর উল্লেখ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।
- ০৫। কার্যদেশের সময়সীমার মধ্যে নাটোর পবিস-১ হতে পোল নওগাঁ পবিস-২ এর সদর দপ্তর (নেজিপুর) পৌছাতে হবে।
- ০৬। বর্ণিত মালামাল পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহন ঠিকাদার দায়ী থাকবেন। মালামাল পরিবহনের পূর্বে সমিতির সহিত যোগাযোগ করে তারিখ নির্ধারণ করতে হবে।
- ০৭। কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সহিত পোল সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।
- ০৮। পোল পরিবহনের জন্য ট্রলি এবং লোডিং-আনলোডিং এর জন্য ফ্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।
- ০৯। কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যদেশ প্রদানের সর্বোচ্চ ১৫ (পনেরো) দিনের মধ্যে পরিবহন কাজ সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পোল পরিবহনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১০। পোল পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।
- ১১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ।
- ০৫। মেয়র, পল্লীতলা পৌরসভা, নওগাঁ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৭। এজিএম (অর্থ), নওগাঁ পবিস-২।
- ০৮। এজিএম (আইটি), নওগাঁ পবিস-২ (ফেসবুক পেজ/নোটিশ বোর্ড/ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৯। মেসার্স -----।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (<http://pbs2.naogaon.gov.bd>), নওগাঁ পবিস-২।


15/11/2022

(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
সিনিয়র জেনারেল ম্যানেজার